

## ৪ মাস যাবৎ জগন্নাথ কলেজ বন্ধ

॥ রেজানুর রহমান ॥  
দীর্ঘ ৪ মাস ধরিয়া জগন্নাথ  
বিশ্ববিদ্যালয় কলেজ বন্ধ থাকায়  
২৬ হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা  
জীবন অনিশ্চিত হইয়া পড়ি-  
য়াছে। ১৫ই জুন কলেজ ক্যাম্পাসে

ছাত্রদল ও ছাত্রলীগের (আ-অ)  
কর্মীদের মধ্যে সংঘাতে ২  
জন ছাত্রের মৃত্যুর পর অনির্দিষ্ট  
কালের জন্য কলেজ বন্ধ করিয়া  
দেওয়া হয়। ইহার পর অদ্যাবধি  
(শেষ পৃঃ ৬-এর কঃ ডঃ)

৬২

জগন্নাথ কলেজ  
(১ম পৃঃ পর)

কলেজ খোলার ব্যাপারে কোন  
সিদ্ধান্ত গৃহীত হয় নাই। কবে  
খুলিবে, কত পক্ষ তাহাও বলিতে  
পারিতেছেন না।

১৫ই জুন কলেজ ক্যাম্পাস  
সংলগ্ন ডাঃ মিলন হলে ছাত্রদল  
ও ছাত্রলীগের মধ্যে গোলাগুলির  
ঘটনায় ছাত্রদল নেতা মনির, ছাত্র  
লীগ নেতা স্বপন নিহত হয়।  
পরবর্তীতে বন্ধ হল ক্যাম্পাস  
দখলকে কেন্দ্র করিয়া দুই পক্ষের  
মধ্যে কয়েক দফা গোলাগুলি  
হয়। একটি সূত্র জানায়, প্রায়  
মাসাধিককাল ধরিয়া কলেজ  
ক্যাম্পাস শান্ত রহিয়াছে। তবে  
উত্তেজনা কমে নাই। প্রত্যক্ষ  
এবং পরোক্ষভাবে ক্যাম্পাসে  
আধিপত্য বিস্তারের প্রচেষ্টা অব্যাহত  
রহিয়াছে। বিবদমান দুই  
ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে  
সহিষ্ণু মনোভাব ফিরিয়া না  
আসায় কলেজ খোলার কোন  
ইঙ্গিত পাওয়া যাইতেছে না।

দিবা, রাত্রি দুই শিফটে জগ-  
ন্নাথ কলেজে ছাত্র-ছাত্রীর সংখ্যা  
২৬ হাজারেরও বেশী। ৪ মাস  
ধরিয়া কলেজের সকল কর্মকাণ্ড  
বন্ধ থাকায় অনার্স প্রথম বর্ষের  
ছাত্র-ছাত্রীরা দেড় বছরেও দ্বিতীয়  
বর্ষে পদার্পণ করিতে পারে নাই।  
অনার্স ও মাস্টার্স ফাইনাই পরীক্ষার  
ক্ষেত্রেও একই জটিলতা দেখা  
দিয়াছে। কলেজের একজন শিক্ষক  
মন্তব্য করিলেন : আর কিছুদিন  
কলেজ বন্ধ থাকিলে গুরুতর সেশন  
জট সৃষ্টি হইবে।

কলেজের একজন ছাত্র জানায়,  
বন্ধ কলেজে প্রতিদিন কিছু তরু-  
ণের আবির্ভাব ঘটে। তাহারা  
অনেকে মোটর সাইকেলযোগে  
ক্যাম্পাসে আসে, আড্ডা মারে  
চলিয়া যায়। মাঝে মাঝে হঠাৎ  
করিয়া মিছিল হয়। মিছিলে  
প্রতিপক্ষের বিরুদ্ধে শ্লোগান  
ধ্বনিত হওয়া মাত্রই উত্তেজনার  
সৃষ্টি হয়। ৪ মাস ধরিয়া এইভাবে  
কলেজ ক্যাম্পাসে উত্তেজনা রহি-  
য়াছে। বিবদমান দুই ছাত্র সং-  
গঠনই কলেজ খোলার দাবী  
করিতেছে, তবে সম্মত দমন প্রশ্নে  
তাহারা একমত হইতে পারিতেছে  
না।

কলেজের প্রিন্সিপাল ডঃ  
হাবিবুর রহমান বলেন, দীর্ঘদিন  
কলেজ বন্ধ থাকায় আমরা ছাত্র-  
ছাত্রীদের ভবিষ্যৎ নিয়া দুর্ভাবনায়  
পড়িয়াছি। তাহাতে অবাক লাগে  
খোদ রাজধানীতে একটি গুরুত্বপূর্ণ  
কলেজ বন্ধ রহিয়াছে অথচ কাহা-  
রও কোন মাথা ব্যথা নাই।  
তিনি বলেন, দীর্ঘ ৪ মাসেও কলেজ  
খোলার কোন পরিবেশ সৃষ্টি হয়  
নাই।